বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
নির্বাচন সহায়তা-২ শাখা
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১২.২৩-৩০৮

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র-১

বিষয়ঃ **বিশেষ এলাকাসমূহে ভোটার নিবন্ধন কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে করণীয়।**

রোহিঙ্গা অধ্যুষিত বিশেষ এলাকায় বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা ও ভীনদেশী কোন নাগরিক যেন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে না পারে এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকদের ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নতুন ভোটার অন্তর্ভুক্তিসহ অন্যান্য সময় ভোটার তালিকা বা জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত বিভিন্ন কাজ সহজীকরণের লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা নিম্নরূপ:

(ক) চট্টগ্রাম অঞ্চলের ৫টি জেলা(চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) এর সকল এলাকাকে বিশেষ এলাকা ঘোষণা করা হয়।

(খ) বিশেষ এলাকাসমূহের নাগরিকগণকে ভোটার নিবন্ধনের জন্য তিনটি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়, যা নিম্নরূপ:

ক্যাটাগরি	যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি বিবেচনায় নেওয়া যেতে পারে	আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
A	এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ থাকলে- ১. এসএসসি/সমমান বা তদুর্ধ্ব অনলাইন সনদ ২. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদ ৩. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদ ৪. বাবা-মায়ের জাতীয় পরিচয়পত্র উল্লেখ্য, সরকারী চাকরিজীবীর সন্তান "A" ক্যাটাগরিভূক্ত হবে। এক্ষেত্রে সরকারী চাকরির প্রমাণ স্বরুপ অফিস প্রধান কর্তৃক সত্যায়িত সার্ভিস বহির কপি, নিয়োগপত্র, যোগদানপত্র প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন।
B	এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ না থাকলে- ১. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদ ২. ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদ ৩. বাবা-মায়ের AFIS যাচাই ৪. স্থায়ী বাসিন্দা সনদ (জেলা প্রশাসন/পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে রাজা কতৃক প্রদত্ত) ৫. ভূমিহীন সনদ, অনলাইন ভেরিফায়েবল ভূমি উন্নয়ন কর প্রদানের রশিদ/পর্চা (প্রযোজ্য ক্ষেত্রে) ৬. পাসপোর্ট (যদি থাকে) ৭. ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) উল্লেখ্য, বাবা-মায়ের মধ্যে একজন বেঁচে থাকলে এবং তিনি ভোটার হয়ে থাকলে তার AFIS যাচাই এবং অন্যজনের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে। আর বাবা-মা কেউ বেঁচে না থাকলে উভয়ের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন।
C	বিশেষ এলাকার যে সকল বাসিন্দা ভোটার নিবন্ধনের ক্ষেত্রে ক্যাটাগরি "A" এবং ক্যাটাগরি-"B" এর আওতায় পড়বে না, তাদের ভোটার নিবন্ধন কার্যক্রম বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করা হবে।	বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশন

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫

ভোটার তালিকায় অন্তর্ভুক্তির যোগ্যতাঃ

যারা বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং যাদের জন্ম ০১লা জানুয়ারি ২০০৮ বার তার পূর্বে।

তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক বাড়ি বাড়ি গিয়ে ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও মৃত ভোটারগণের ভোটার তালিকা হতে কর্তনের তথ্যাদি সংগ্রহের তারিখঃ

২০ জানুয়ারি ২০২৫ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৫।

ভোটার নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদিঃ

০১। ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্মনিবন্ধন সনদ

০২। ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদ ও প্রত্যয়ন পত্র

০৩। এসএসসি/সমমান বা তদুর্ধ্ব শিক্ষাগত যোগ্যতার সনদ (যদি থাকে)

০৪। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র বা অনলাইন মৃতনিবন্ধন সনদ (২০০৮ সালের পরে মৃত্যুবরণ করলে অনলাইন মৃত্যুসনদ) ও তিনজন নিকট আত্মীয়ের জাতীয় পরিচয়পত্রের কপি (ভাই-বোন, চাচা-ফুফু)

০৫। পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)

০৬। স্বামী-স্ত্রীর জাতীয় পরিচয়পত্র ও কাবিননামা/সন্তানদের জন্মনিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)

০৭। স্থায়ী বাসিন্দা সনদ (জেলা প্রশাসন)/ পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে রাজা কর্তৃক প্রদত্ত)

০৮। ভূমিহীন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)/ভূমি কর পরিশোধের রশীদ/হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশীদ/বিদ্যুৎ বিলের কপি

বিঃদ্রঃ যারা সরকারী চাকুরীজীবির সন্তান এবং যাদের পিতা-মাতা অত্র উপজেলার ভোটার ও যাদের এসএসসি সনদ রয়েছে তাদের স্থায়ী বাসিন্দা সনদ/ রাজা সনদ প্রদানের প্রয়োজন নেই।

একনজরে রাঙ্গামাটি সদর উপজেলা বিদ্যমান ভোটার সংখ্যা ও সম্ভাব্য ভোটার সংখ্যা

বিদ্যমান ভোটার সংখ্যা		হালনাগাদ-২৫ এ সম্ভাব্য ভোটার সংখ্যা (৫% হারে)	মন্তব্য
ইউনিয়ন/পৌরসভা	মোট ভোটার সংখ্যা	ভোটার সংখ্যা	
রাঙ্গামাটি পৌরসভা	৬৬,৮২৯ জন	৩৩৪১ জন	
০১নং জীবতলী ইউনিয়ন	৩,১৮৩ জন	১৫৯ জন	
০২নং মগবান ইউনিয়ন	৫,৯৬৩ জন	২৯৮ জন	
০৩নং সাপছড়ি ইউনিয়ন	৫,৪৯১ জন	২৭৫ জন	
০৪নং কুতুকছড়ি ইউনিয়ন	৫,৯৩০ জন	২৯৭ জন	
০৫নং বন্দুকভাঙ্গা ইউনিয়ন	৭,৪৪০ জন	৩৭২ জন	
০৬নং বালুখালী ইউনিয়ন	৭,৩৪৯ জন	৩৬৭ জন	
সর্বমোট ভোটার সংখ্যা	**১,২,১৮৫ জন**	**৫, ১০৯ জন**	